

সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১৭১

২২/ সাওম [রোযা] (১যা়্ন)

পরিচ্ছেদঃ ২৭/ ছাতু এবং খোরমা দ্বারা সাহারী খাওয়া

باب السُّحُورِ بِالسَّوِيقِ وَالتَّمْرِ

আরবী

أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، قَالَ أَنْبَأَنَا عَبْدُ الرَّزَّاقِ، قَالَ أَنْبَأَنَا مَعْمَرٌ، عَنْ قَتَادَةَ، عَنْ أَنَسٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَذَلِكَ عِنْدَ السُّحُورِ " يَا أَنسُ إِنِّي أُرِيدُ الصِّيَامَ أَطْعِمْنِي شَيْئًا " . فَأَتَيْتُهُ بِتَمْرٍ وَإِنَاءٍ فِيهِ مَاءٌ وَذَلِكَ بَعْدَ مَا أَذَّنَ بِلاَلٌ فَقَالَ " يَا الصِّيَامَ أَطْعِمْنِي شَيْئًا " . فَأَتَيْتُهُ بِتَمْرٍ وَإِنَاءٍ فِيهِ مَاءٌ وَذَلِكَ بَعْدَ مَا أَذَّنَ بِلاَلٌ فَقَالَ " يَا الصِّيامَ انْظُرْ رَجُلاً يَأْكُلُ مَعِي " . فَدَعَوْتُ زَيْدَ بْنَ ثَابِتِ فَجَاءَ فَقَالَ إِنِّي قَدْ شَرِبْتُ شَرْبَتُ شَرْبَةَ سَوْبِقٍ وَأَنَا أُرِيدُ الصِيِّيَامَ . فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " وَأَنَا أُرِيدُ الصِيِّيَامَ " . فَتَسَحَّرَ مَعَهُ ثُمَّ قَامَ فَصلَلَى رَكْعَتَيْنِ ثُمَّ خَرَجَ إِلَى الصَّلاَةِ .

বাংলা

২১৭১। ইসহাক ইবনু ইবরাহীম (রহঃ) ... আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, (একদা) রাসুলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম সাহারীর সময় বললেন যে, হে আনাস! আমি সাওম (সিয়াম/রোজা/রোযা) পালন করার ইচ্ছা করেছি, তুমি আমাকে কিছু খাবার দাও। তখন আমি তাঁর কাছে কিছু খোরমা এবং পানীয় একটি পাত্র আনলাম। এগুলো আমি বেলাল (রাঃ)-এর (সাহারী) আযান দেওয়ার পর এনেছিলাম। তখন তিনি বললেনঃ হে আনাস! একজন লোক তালাশ করে আন সে আমার সাথে আহার করবে।

তখন আমি যায়দ ইবনু ছাবিত (রাঃ)-কে ডাকলাম, তিনি এসে বললেনঃ আমি কিছু ছাতূর পানি পান করেছি এবং সাওম (সিয়াম/রোজা/রোযা) পালন করার ইচ্ছা করেছি। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আমিও তো সাওম (সিয়াম/রোজা/রোযা) পালন করার ইচ্ছা করেছি। অতঃপর তার সাথে সাহারী খেলেন এবং দাঁড়িয়ে গিয়ে দু'রাকাআত সালাত (ফজরের সুন্নাত) আদায় করে ফজরের ফর্য সালাত আদায় করার জন্য বের হয়ে গেলেন।

English

It was narrated that Anas said:



"The Messenger of Allah said, at the time of Sahur. 'O Anas, I want to fast, so give me something to eat.' So I brought him some dates and a vessel of water. That was after the Adhan of Bilal. He said: 'O Anas, find a man to come and eat with me.' So I called Zaid bin Thabit, who came and said: "I drank some Sawiq and I want to fast.' The Messenger of Allah said: "I also want to fast.' So he ate Sahr with him, then he got up and prayed two Rak'ahs, then he went out to the prayer."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন